

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা।


নং-৪৯.০১.০০০০.০০৩.৯৯.০০৯.২১-১৪৬৯

তারিখঃ ১২/০৬/২০২২খ্রিঃ

বিষয়ঃ দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১৩ জুন ২০২২খ্রিঃ তারিখে “মালয়েশিয়ায় গমনেচ্ছু কর্মীদের বিএমইটি‘র ডাটাবেজে নিবন্ধন” শিরোনামের সংযুক্ত বিজ্ঞপ্তিটি আপনার বহল প্রচারিত পত্রিকায় (শেষের পাতায় ০৬ x ৪’ কলাম আকারে) ০১(এক) দিনের জন্য প্রচারের লক্ষ্যে বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রচারান্তে সৌজন্য ০২(দুই) কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) কপি।



১২.০৬.২২

(মোঃ জাকির হোসেন)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

বিএমইটি, ঢাকা।

ফোনঃ ৮৩০০২৬৪

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিএমইটি‘র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ২। বিজ্ঞাপন ম্যানেজার, যায়যায়দিন, এইচআরসি মিডিয়া ভবন, ৪৪৬/ই+এফ+জি তেজগাঁও শি/এ লাভরোড, ঢাকা- ১২০৮।
- ৩। বিজ্ঞাপন ম্যানেজার, যুগান্তর, k-244 pragati Sarani, Kuril Baridhara Dhaka-1229
- ৪। বিজ্ঞাপন ম্যানেজার, Financial Express, Dhaka
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।
- ৬। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।
- ৭। অফিস নথি /২০২২ খ্রিঃ

“শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২ কাকরাইল, ঢাকা।
www.bmet.gov.bd

মালয়েশিয়ায় গমনেচ্ছু কর্মীদের বিএমইটি'র ডাটাবেজে নিবন্ধন

বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এর ধারা ১৯ এর উপধারা ৩এ বিএমইটি ডাটাবেজে নিবন্ধিত কর্মীর তালিকা হতে বৈদেশিক কর্মসংস্থানের জন্য উন্মুক্তভাবে কম্পিউটারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে দৈবচয়নের ভিত্তিতে কর্মী নির্বাচন করার বিধান রয়েছে। তদানুযায়ী মালয়েশিয়া গমনেচ্ছু কর্মীদের বিএমইটি ডাটাবেজে অন্তর্ভুক্ত হওয়ার অনুরোধ করা যাচ্ছে। নিম্নোক্ত যে কোন স্থানে ও পদ্ধতিতে নিবন্ধন করা যেতে পারেঃ

- বিএমইটি'র আওতাধীন সকল জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) অথবা নির্ধারিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে (টিটিসি) সরাসরি উপস্থিত হয়ে নিবন্ধন করা যাবে। প্রতিটি সফল নিবন্ধনের জন্য ২০০/- (দুইশত) টাকা সরকারি ফি (অফেরৎযোগ্য) পরিশোধ করতে হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য নিকটস্থ জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) বা টিটিসি'র সাথে যোগাযোগ করুন কিংবা ভিজিট করুন www.bmet.gov.bd।

- ডাটাবেজে নিবন্ধনের জন্য ঐচ্ছিক ও অতিরিক্ত চ্যানেল হিসেবে সরকার কর্তৃক অনুমোদিত ‘আমি প্রবাসী’ www.amiprobashi.com অ্যাপ ব্যবহার করে নিবন্ধন করা যাবে। এক্ষেত্রে সফল নিবন্ধনের জন্য সরকারি নিবন্ধন ফি ২০০/- টাকার অতিরিক্ত “আমি প্রবাসী” অ্যাপের সার্ভিস চার্জ করসহ ১০০/- (একশত) টাকা পরিশোধ করতে হবে।



- কর্মীর বয়স: ১৮-৪৫ বছরের মধ্যে হতে হবে।
- নিবন্ধন নম্বর ও এর কার্যকরিতা নিবন্ধনের তারিখ থেকে ২ (দুই) বৎসর বহাল (Valid) থাকবে।
- ইতোমধ্যে যারা বিদেশ গমনের জন্য নিবন্ধন করেছেন, তাদের নতুন করে নিবন্ধনের প্রয়োজন নেই; তবে নিবন্ধনকালেকাজিত দেশ ও পেশা নির্বাচন করা না থাকলে রিফ্রেশ/ আপডেট করা যাবে।
- কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) এবং ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি (আইএমটি) অথবা অন্যান্য বৈধ কারিগরি প্রতিষ্ঠান হতে অর্জিত দক্ষতা সনদ আপলোড করলে দক্ষ কর্মীগণ বৈদেশিক কর্মসংস্থানের জন্য অগ্রাধিকার পাবেন।
- সফল নিবন্ধনের জন্য নিম্নোক্ত সনদপত্রাদি দাখিল/আপলোড প্রয়োজন হবেঃ
 ১. পাসপোর্ট
 ২. পাসপোর্ট সাইজের ছবি
 ৩. নিজের মোবাইল নম্বর
 ৪. ইমেইল (যদি থাকে)
 ৫. দক্ষতা সনদ (যদি থাকে)

বিএমইটি ডাটাবেজে নিবন্ধন কোনভাবেই কোন কর্মীর মালয়েশিয়ায় বা অন্য কোন দেশে বৈদেশিক কর্মসংস্থানের নিশ্চয়তা প্রদান করে না।

মহাপরিচালক, বিএমইটি